# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩২৫৪

২৭/ আদব

পরিচ্ছেদঃ সালামের বিভিন্ন আদব-কায়দা

## আরবী

عَنْ أَبِى أَيُّوبَ الأَنْصَارِىِّ أَنَّ رَسُوْلَ اللهِ ﷺ قَالَ لاَ يَحِلُّ لِمُسْلِمٍ أَنْ يَهْجُرَ أَخَاهُ فَوْقَ ثَلاَثِ لَيَالٍ يَلْتَقِيَانِ فَيُعْرِضُ هَذَا وَيُعْرِضُ هَذَا وَخَيْرُهُمَا الَّذِى يَبْدَأُ بِالسَّلاَمِ

## বাংলা

(৩২৫৪) আবূ আইয়ুব আনসারী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, নিজ ভাইকে তিন দিনের বেশী (কথাবার্তা, সালাম-কালাম বন্ধ রেখে) বর্জন করা কোন মুসলিম মানুষের জন্য বৈধ নয়; সাক্ষাৎ হলে এও মুখ ফিরিয়ে নেয় এবং ওও মুখ ফিরিয়ে নেয়। আর এদের মধ্যে উত্তম হল সেই ব্যক্তি, যে প্রথমে সালাম দেয়।

## ফুটনোট

(বুখারী ৬০৭৭, মুসলিম ৬৬৯৭, আবূ দাঊদ প্রমুখ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67002

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন